



সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট

www.scc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং: ৪৬.০৭.০০০০.০২১.৯৯.৬৬৩.১৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২৯ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ

ক) ২০১৯-২০ অর্থ বছরের বাৎসরিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতির তথ্য

ক্র.ম.	মন্ত্রণালয় ও দপ্তরের নাম	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	কার্যক্রমের অগ্রগতি	উদ্ভাবনটি বাস্তবায়নের জন্য কত অর্থ ব্যয় হয়েছে?	বাস্তবায়নের জন্য পাইলট কর্মসূচি গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে তারিখ	সারা দেশে উদ্ভাবনটি বাস্তবায়নযোগ্য কিনা	ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী ও ই-মেইল
১	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় দপ্তরঃ সিলেট সিটি কর্পোরেশন	পানি শাখার নলকূপ বিল কার্যক্রম অনলাইন করণ ও সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন গাড়িতে ভেহিকল ট্র্যাকিং সার্ভিস (ভিটিএস) সেবা চালু করা।	সিলেট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ পানি শাখার নলকূপ বিল অনলাইনে প্রাপ্তি ও মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ফি প্রদানের সিস্টেম তৈরি করার উদ্যোগ নিয়েছে। গ্রাহক কোথাও হাজির না হয়ে ঘরে বসেই মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নলকূপ বিল ফি পরিশোধ করতে পারবেন। সিলেট সিটি কর্পোরেশনের পানি শাখা সহজেই নলকূপ বিল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদন করতে পারবে। এই ই-সার্ভিসটি চালু করার ফলে নলকূপ বিল সংক্রান্ত কার্যক্রমকে অধিকতর দক্ষ, জবাবদিহিমূলক ও স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভবপর হবে। বিলের পরিমাণ এবং পরিশোধজনিত ভুল হবার সম্ভাবনা নেই বলে ভোগান্তি অনেকাংশে কমে যাবে। http://tubewell.scc.gov.bd/ ওয়েবসাইটে লগইন করে নলকূপ বিল সংক্রান্ত সেবা পাওয়া যাবে। সিলেট সিটি কর্পোরেশনের পরিবহন শাখার তত্ত্বাবধানে রয়েছে বিভিন্ন ধরনের ট্রাক, ট্রাক্টর, রোড রোলার, ওয়াটার ভাউচার, ভীম লিফটার, ওয়াটার ট্র্যাংক, ট্রাক্টর ট্রলি, এক্সেভেটর, পে-লোডার, অ্যাকম ট্রাংকার, জীপ, পিকআপ, কার, মোটর সাইকেল ইত্যাদি। সিলেট সিটি কর্পোরেশনের এসব যানবাহনে ভেহিকল ট্র্যাকিং সার্ভিস (ভিটিএস) ব্যবহার করে নাগরিক সেবা আরো দ্রুত গতিতে দেয়া যাবে। যেমন - এই মুহূর্তে হয়তো আশ্রয়খানা মোড়ে একটি বাতি নষ্ট হয়ে গিয়েছে যা মেরামত করা প্রয়োজন বা কোনো গুরুত্বপূর্ণ স্থানে ময়লা জমে আছে তা অপসারণ করা	নাগরিক সেবা সহজীকরণ। বিল এর সঠিক তথ্য যথাসময়ে গ্রাহকের কাছে পৌঁছানোর কারণে এবং সহজে বিল পরিশোধের সুযোগ থাকায় পানি শাখা থেকে সিলেট সিটি কর্পোরেশনের রাজস্ব আদায় বৃদ্ধি করা। ভেহিকল ট্র্যাকিং সার্ভিস (ভিটিএস) এর মাধ্যমে গাড়িগুলো যেহেতু ট্র্যাকিং এর আওতায় থাকবে সেহেতু যে কোনো গাড়ির তাৎক্ষনিক অবস্থান জেনে নেয়া যাবে, এর গতিবিধি অর্থাৎ সমস্ত দিন বা সপ্তাহে/মাসে কোন কোন জায়গায় গাড়িটি গিয়েছে, কি পরিমাণ দূরত্ব যাতায়াত করেছে ইত্যাদি জানা যাবে। এতে প্রতিটি গাড়ি প্রতি লিটার জ্বালানীতে কত দূর যায় এটি জানা থাকলে প্রতিটি গাড়ি বাবদ কতটুকু জ্বালানী প্রয়োজন তা নিরূপণ করা যাবে এবং জ্বালানী তেলের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা সম্ভব পর হবে।	জনাব জয়দেব বিশ্বাস, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), সিলেট সিটি কর্পোরেশন জনাব মোঃ সাদাত হোসেন খান সায়েম, আইটি কনসালটেন্ট, সিলেট সিটি কর্পোরেশন	৮০%	আনুমানিক (৭-৮) লক্ষ টাকা ব্যয় হতে পারে।	এক্সেল ফাইল থেকে গ্রাহকের তথ্য সফটওয়্যারে আপলোড নলকূপ শাখায় ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেয়া হয় পাইলট টেস্টিং করার জন্য। প্রাথমিকভাবে সিলেট সিটি কর্পোরেশনের ৬৮টি গাড়িতে ভেহিকল ট্র্যাকিং সার্ভিস (ভিটিএস) সেবা চালু করা হয়।	অন্যান্য সিটি কর্পোরেশন ও পৌরসভায় বাস্তবায়নযোগ্য।	প্রকৌশলী নূর আজিজুর রহমান, প্রধান প্রকৌশলী সিলেট সিটি কর্পোরেশন 01713311526 cescc09@gmail.com



সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট

www.scc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

প্রয়োজন। এক্ষেত্রে আবহাওয়া মোড় বা উক্ত গুরুত্বপূর্ণ স্থানের সব চেয়ে কাছে কোন গাড়িটি রয়েছে তা ভেহিকল ট্র্যাকিং সার্ভিস (ভিটিএস) ব্যবহার করে জেনে নিয়ে ঐ গাড়িটিকে দ্রুততম সময়ে গুরুত্বপূর্ণ স্থানটিতে পাঠানো যাবে ময়লা অপসারণ করতে বা বাতি মেরামত করতে।


২৯/০৬/১৯২১

মো: রুহুল আলম,

নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)

সিলেট সিটি কর্পোরেশন